

লেস্টারের প্রাপ্তবয়স্কদেরকে নিরাপদ রাখা

Safeguarding adults in Leicester

নিরাপদ রাখা মানে কি?

নিরাপদ রাখার মানে হলো প্রাপ্তবয়স্ক লোকদের নিরাপদে বসবাস করার, নির্যাতন ও অবহেলার ভুক্তভোগী না হওয়ার অধিকারকে সুরক্ষা করা। এর অর্থ হলো সাধারণ লোকজন ও বিভিন্ন প্রতিষ্ঠান মিলেমিশে কাজ করে যেয়ে ক্ষতির ঝুঁকি, নির্যাতন ও অবহেলার ভুক্তভোগী হওয়া বন্ধ ও প্রতিরোধ করা। ‘প্রাপ্তবয়স্কদেরকে নিরাপদ রাখা’ এমন একটি বিষয়, যা ক্ষতির ভুক্তভোগী হওয়ার ঝুঁকিতে আছেন এমন প্রাপ্তবয়স্কদের জন্য করা হয়, তাদের সম্পৃক্ততা, পছন্দ ও নিয়ন্ত্রণ ক্ষমতা বাড়ানো হয়।

ক্ষতির ঝুঁকিতে আছেন এমন একজন প্রাপ্তবয়স্ক কে?

ক্ষতির ভুক্তভোগী হওয়ার ঝুঁকিতে থাকা প্রাপ্তবয়স্ক বলতে এমন কাউকে বুঝানো হয়, যার সেবায়ত্ত ও সাহায্য সহায়তা পাওয়া প্রয়োজন (লোকাল অথোরিটি প্রয়োজনগুলো পূরণ করুক বা নাই করুক), এবং যিনি নির্যাতন বা অবহেলার ভুক্তভোগী হচ্ছেন অথবা ভুক্তভোগী হওয়ার ঝুঁকিতে আছেন কিন্তু নিজেকে তিনি তা থেকে রক্ষা করতে সক্ষম নন।

কার সেবায়ত্ত ও সাহায্য সহায়তা পাওয়ার প্রয়োজন থাকতে পারে?

সেবায়ত্ত ও সাহায্য সহায়তা হতে পারে সেসব প্রাপ্তবয়স্কদেরকে তাতে কাজকর্মে সাহায্য করা, আর্থিক বা আবেগিক সহায়তা প্রদান করা, যারা তা পেলে নিজেদের জীবন ব্যবস্থাপনা করা ও স্বনির্ভর হওয়ার ক্ষেত্রে উপকৃত হবেন। এ ধরনের ব্যক্তিদের মধ্যে থাকতে পারেন বৃদ্ধ লোকজন, প্রতিবন্ধি (ডিজেন্ডার) লোকজন বা দীর্ঘকাল ধরে রোগশোকে ভুক্তভোগী লোকজন, এবং মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুক্তভোগী লোকজন।

নির্যাতন এবং অবহেলা কি?

নির্যাতন ও অবহেলা অনেকভাবে সংঘটিত হতে পারে, যেমন:

- যখন কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তিকে আঘাত করেন, দুঃখকষ্ট দেন বা খারাপ আচরণ করেন
- যখন কোনো ব্যক্তি কারোর মনে কষ্ট দেওয়া বা ভয় দেখানোর জন্য কোনো কিছু করেন

- যখন কেউ অন্য কোনো ব্যক্তির চিকিৎসাগত ও শারীরিক যত্নমূলক প্রয়োজন পূরণ না করে তা এড়িয়ে চলেন।

নির্যাতন ও অবহেলা যে কোনোখানে করা হতে পারে। সেবায়ত্ত ও সাহায্য সহায়তা প্রদান করা দরকার এমন প্রাপ্তবয়স্কদেরকে তাদের নিজেদের পার্টনার (স্বামী/স্ত্রী), পরিবারের সদস্য, প্রতিবেশী, বন্ধু, স্বাস্থ্য বা সোশ্যাল কেয়ার বিভাগের পেশাজীবী, স্বেচ্ছাসেবী, বা অপরিচিত ব্যক্তি সহ, যে কোনো কেউই নির্যাতন করতে পারেন।

যদি আমি নির্যাতনের ভুক্তভোগী হতে থাকি বা কেউ ভুক্তভোগী হচ্ছেন বলে আমি জানি তাহলে আমি কি করতে পারি?

যদি মনে করেন আপনি বা আপনার পরিচিত কেউ নির্যাতনের বা অবহেলার ভুক্তভোগী হচ্ছেন, তবে যত তাড়াতাড়ি সম্ভব এমন কাউকে বলুন যাকে আপনি বিশ্বাস করেন। লেস্টারে সেবায়ত্ত ও সাহায্য সহায়তা প্রদান করা দরকার এমন কোনো প্রাপ্তবয়স্ক লোক যদি নির্যাতনের বা অবহেলার শিকার হন, তাহলে আপনি এডাল্ট সোশ্যাল কেয়ার টিমকে তা জানাতে পারেন:

- টেলিফোন করে: **0116 454 1004 (প্রতিদিন 24 ঘন্টা, সপ্তাহের 7 দিন ফোনলাইন সচল থাকে)**
- যদি কোনো অপরাধ সংঘটিত হয়ে থাকে, তবে লেস্টারশায়ার পুলিশকে তাদের ওয়েবসাইট www.leics.police.uk এর মাধ্যমে জানাতে পারেন বা 101 নাম্বারে ফোন করতে পারেন। যদি তা জরুরী হয় তবে 999 নাম্বারে ফোন করবেন।

লেস্টারের প্রাপ্তবয়স্কদেরকে নিরাপদ রাখা সম্পর্কে আমি আরো কিভাবে জানতে পারবো?

লেস্টারের প্রাপ্তবয়স্কদেরকে নিরাপদ রাখা সম্পর্কে আরো জানার জন্য লেস্টার সেইফগার্ডিং এডাল্টস বোর্ড এর ওয়েবসাইট দেখুন: www.leicester.gov.uk/lsab

যদি আপনি লেস্টারের কোনো কমিউনিটি সংগঠনের কেউ হন এবং প্রাপ্তবয়স্কদেরকে নিরাপদ রাখা সম্পর্কে যদি আরো জানতে চান, তবে অনুগ্রহ করে লেস্টার সেইফগার্ডিং এডাল্টস বোর্ডস এংগেজমেন্ট অফিসার শভানার সঙ্গে ইমেইলে যোগাযোগ করতে পারেন: LSAB@leicester.gov.uk অথবা 0116 454 6270 নাম্বারে ফোন করে তার সঙ্গে সামনাসামিন কথা বলার ব্যবস্থা করে নিতে পারেন (অনুগ্রহ করে উপরোক্ত ইমেইলে বা ফোন নাম্বারে নির্যাতন বা অবহেলা সম্পর্কে জানাবেন না)।